নিউইয়র্কের উদ্দেশ্যে ঢাকা

পরিবর্তন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি), সার্বজনীন স্বাস্থ্য ও অর্থসহ বেশ কয়েকটি উচ্চ পর্যায়ের দ্বিপক্ষীয় ও সৌজন্যমূলক বৈঠকে অংশ নেবেন।

বিশ্বনেতারা ৭৮তম অধিবেশনে যোগদানের জন্য নিউইয়র্কে একত্র হবেন। আন্তর্জাতিক এই সম্মেলনে এবারের প্রতিপাদ্য ‘আস্থা পুনর্গঠন ও বিশ্ব সংহতির পুনরুদ্ধার: সবার জন্য শান্তি, সমৃদ্ধি, অগ্রগতি ও স্থায়িত্ব ত্বরান্বিত করায় ২০৩০ এজেন্ডা এবং টেকসই উন্নয়ন লক্ষ্য বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ’।

১৮ সেপ্টেম্বর নিউইয়র্কের রকফেলার সেন্টারে ইউএনআইডিও ও ডেলয়েটের উদ্যোগে ‘খাদ্য ভাবনা-খাদ্য সরবরাহ চেইন উদ্ভাবনে এসডিজিকে ত্বরান্বিত করায় সহযোগিতা’ শীর্ষক একটি উচ্চ পর্যায়ের সম্মেলনে প্রধানমন্ত্রী মূলপ্রবন্ধ উপস্থাপন করবেন বলে আশা করা হচ্ছে। এদিন তিনি ট্রাস্টিশিপ কাউন্সিল চেম্বারে ‘এসডিজি সামিট-লিডার্স’ ডায়ালগ ৪ (এসডিজি অর্জনের জন্য সমন্বিত নীতি ও পাবলিক প্রতিষ্ঠানকে শক্তিশালী করা) শীর্ষক আরেকটি সম্মেলনেও ভাষণ দেবেন।

এদিন সন্ধ্যায় প্রধানমন্ত্রী নিউইয়র্কের লেক্সিংটন ভেন্যুতে জাতিসংঘ মহাসচিবের বৈশ্বিক শিক্ষাবিষয়ক বিশেষ দূত ও বিশ্ব স্বাস্থ্য অর্থায়নের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থার দূত গর্ডন ব্রাউন এবং গ্লোবাল বিজনেস কোয়ালিশন ফর এডুকেশনের এক্সিকিউটিভ চেয়ার সারাহ ব্রাউন আয়োজিত জাতিসংঘ ২০২৩ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) শীর্ষ সম্মেলন উপলক্ষে দেওয়া একটি উচ্চ পর্যায়ের ব্যক্তিগত নৈশভোজে যোগ দিতে পারেন।

১৯ সেপ্টেম্বর জাতিসংঘের সদরদপ্তরের সিআর-১৬-এ স্পেনের প্রধানমন্ত্রী এবং ইউরোপীয় কাউন্সিল ও ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) সভাপতির ‘টুওয়ার্ডস এ ফেয়ার ইন্টারন্যাশনাল ফাইন্যান্সিয়াল আর্কিটেকচার’ শীর্ষক একটি উচ্চ পর্যায়ের গোলটেবিল বৈঠকেও ভাষণ দেবেন প্রধানমন্ত্রী।

একই দিন জাতিসংঘ সদরদপ্তরে সিআর-১১ এ বাংলাদেশ, অ্যান্টিগা এবং বারবুডা, ভুটান, চীন, মালয়েশিয়া, চ্যাথাম হাউজ এবং সুচনা ফাউন্ডেশনের যৌথ আয়োজনে চিকিৎসা পরিষেবাভিত্তিক কমিউনিটি ক্লিনিকের একটি উচ্চ পর্যায়ের সাইড ইভেন্টেও যোগ দেবেন তিনি।

২০ সেপ্টেম্বর কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে ‘টেকসই উন্নয়নে সাশ্রয়ী ও সহজলভ্য আন্তর্জাতিক গণঅর্থায়ন বৃদ্ধি এবং দক্ষতা নিশ্চিতকরণ’ শীর্ষক উন্নয়ন অর্থায়ন (এফএফডি) বিষয়ে ট্রাস্টিশিপ কাউন্সিল চেম্বারে একটি উচ্চ পর্যায়ের আলোচনায় প্রধান বক্তা হিসেবে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী। …

বিমার দাপটে ৮০০

বেড়েছে তুলাবর্জ্যের রপ্তানি

জমজমাট অস্ত্র ব্যবসা

লভডন যে শহরে ভেসে

বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসায়

বাণিজ্যিক সম্পর্ক জোরদার

আলুর দাম নিয়ে কারসাজি

সেন্টমার্টিনের চারদিকে ওয়াকওয়ে

নন-কটন রপ্তানিতে প্রণোদনা প্রয়োজন

আনন্দবাজার ডেস্ক

কিশোরগঞ্জ জেলা সমিতির হ্যাটট্রিক সভাপতি ডিআইজি হারুন

আনন্দবাজার ডেস্ক

ইউক্রেনে রাশিয়ার হামলায় ৫ বেসামরিক নাগরিক নিহত

আন্তর্জাতিক ডেস্ক

রপ্তানিতে এগিয়ে টি-শার্ট-সোয়েটার, পিছিয়ে পড়ছে শার্ট-প্যান্ট

আনন্দবাজার ডেস্ক

ইস্পাত কারখানা হচ্ছে পশ্চিমবঙ্গে নেপথ্যে সৌরভ গাঙ্গুলী

পশ্চিমবঙ্গ প্রতিনিধি

আফগানিস্তানে নতুন নিয়ম

মেয়েদের আঁটসাঁট পোশাক রাখা যাবে না দোকানেও

আন্তর্জাতিক ডেস্ক

কলাগাছ, বিন্না আর ঢোলকলমি লাগিয়ে তিস্তার ভাঙন রোধ

জেলা প্রতিনিধি

প্রতিবছর বর্ষা এলেই রাক্ষুসে হয়ে ওঠে তিস্তা। ভাঙনের কবলে পড়ে নদীপাড়ের ফসলি জমি, বাড়িঘরসহ নানা স্থাপনা। তিস্তার এ ভাঙন রোধে নদীপাড় ও বাঁধের ধারে কলাগাছ, বিন্না, ঢোলকলমি আর ঘাস লাগিয়ে রক্ষা পেয়েছেন গাইবান্ধার চরাঞ্চলের তিন গ্রামের মানুষ।

খোঁজ নিয়ে জানা যায়, গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার কাপাসিয়া ইউনিয়নের চরাঞ্চলে তিস্তার ভাঙন রোধে ব্যতিক্রমী এ উদ্যোগ গ্রহণ করেছে স্থানীয় বাসিন্দারা। বছরখানেক আগে কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপের (ক্রাগ) সদস্যরা নদীপাড় ও বাঁধে কলাগাছ, বিন্নার থোপ, ঢোলকলমি ও ঘাস লাগায়। এ কাজের সুফলও মিলেছে বেশ। এবারের বন্যায় ভাঙন থেকে রক্ষা পেয়েছে ভাটি কাপাসিয়া, ভাটি বুড়াইল ও রাজার চরের ফসলি জমি, নানা স্থাপনা এবং বাড়িঘর। এতে স্বস্তি ফিরেছে চরাঞ্চলের কয়েক হাজার মানুষের মধ্যে।

স্থানীয়রা জানান, কাপাসিয়া ইউনিয়নের চরাঞ্চলে বেসরকারি উন্নয়ন সংস্থা গণ উন্নয়ন কেন্দ্রের ফ্লাড রেজিলিয়েন্স প্রজেক্টের সহযোগিতায় টেকসই বন্যা প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির সদস্যরা স্থানীয় বাসিন্দাদের সঙ্গে নিয়ে তিস্তার শাখা নদীর পাড়ে এ উদ্যোগ নেয়। ফলে নদীর ভাঙন রোধ করা সম্ভব। তিস্তা নদীর ভাঙনরোধে জরুরি ভিত্তিতে খনন করলে চরাঞ্চলে স্থায়ীভাবে কৃষি আর মৎস্য ভাণ্ডার সমৃদ্ধ হবে। তিস্তা, ব্রহ্মপুত্র ও ধরলার সংযোগস্থলের এক কিলোমিটার পূর্ব পর্যন্ত নদী খনন, নদীর দুই তীর রক্ষা বাঁধ নির্মাণ, ড্রেজিং করে যে মাটি উত্তোলন করা হবে তা নদীর দু'পাশে ভরাট করলে সুফল পাওয়া যাবে।

তারা মিয়া নামের চরাঞ্চলের বাসিন্দা বলেন, ‘তিস্তার কারণেই বর্ষা-খরা দুই মৌসুমেই চরম দুর্ভোগের সঙ্গে লড়াই করে বাঁচতে হয়। আমরা সরকারের কাছ থেকে এখন আর কোনো ত্রান চাই না। তিস্তা নদীর করাল গ্রাস থেকে স্থায়ীভাবে বাঁচতে চাই। নদীর ভাঙনের কারণে আমরা স্থায়ীভাবে কোথাও মাথা গুঁজে থাকতে পারি না। শিক্ষা ও স্বাস্থ্যসেবা থেকে চরাঞ্চলের মানুষ একেবারেই বঞ্চিত। স্থায়ীভাবে তিস্তা নদীর ভাঙনরোধ করতে পারলে চরাঞ্চলে শিক্ষা ও স্বাস্থ্যসেবা দ্রুত পৌঁছাবে। তাই প্রয়োজন নদীর খনন।

ভাটি কাপাসিয়া গ্রামের বাসিন্দা শেফালী বেগম বলেন, আমরা এলাকার নারী-পুরুষ সবাই মিলে নদীপাড়ে ১ কিলোমিটার এলালাজুড়ে কলাগাছ, বিন্নার থোপ, ঢোলকলমি লাগিয়েছি। এ বছর কিছুটা হলেও ভাঙন থেকে রক্ষা পেয়েছি।

ভাটি বুড়াইল কমিউনিটি রেজিলিয়েন্স এ্যাকশন গ্রুপের (ক্রাগ) সভাপতি মো. নুর হোসেন বলেন, ‘এভাবে প্রাকৃতিক সম্পদ দিয়ে যে তিস্তার ভাঙন রোধ করা যাবে তা কল্পনাও করতে পারিনি। পরীক্ষামূলকভাবে এ কাজটি করা হয়েছিল।’

ভাটি কাপাসিয়া কমিউনিটি রেজিলিয়েন্স অ্যাকশন গ্রুপের (ক্রাগ) সভাপতি মো. রাজা মিয়া বলেন, এ উদ্যোগের ফলে তিন চর এবার ভাঙনের কবল থেকে রক্ষা পেয়েছে। জরুরি ভিত্তিতে নদী খনন করে চরাঞ্চলগুলোকে স্থায়ীভাবে রক্ষা করতে হবে।

ফ্লাড রেজিলিয়েন্স প্রজেক্টের ফিল্ড অফিসার (এফও) ডলি সুলতানা বলেন, বন্যা সহনশীল প্রকল্পের মাধ্যমে স্থায়ীনরা স্ব-প্রণোদিত হয়েই এসব কাজ করেছে, আমরা শুধু তাদেরকে সাপোর্ট দিয়েছি। এই কমিউনিটির অনুপ্রেরণার অন্য কমিউনিটিগুলোর বাসিন্দারাও এমন উদ্যোগ গ্রহণ করবে বলে মনে করি।

এ বিষয়ে কাপাসিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. মঞ্জু মিয়া বলেন, বছর খানেক আগে নদীর ধারে ১কিলোমিটার এলাকাজুড়ে কলাগাছ আর বিন্না লাগিয়ে এবছর ভাঙন থেকে রক্ষা পেয়েছে ওই গ্রামের মানুষ। তবে এটি স্থায়ী সমাধান নয়। চরাঞ্চল রক্ষার্থে স্থায়ী পরিকল্পনা গ্রহণের জন্য সরকারের কাছে দাবি জানাই।

জয়পুরহাটে পৃথক মাদক মামলায় ৩জনের যাবজ্জীবন

জয়পুরহাট প্রতিনিধি

আর্থিক সংকটে হুমকির মুখে নেত্রকোণার হস্তশিল্প

নেত্রকোনা প্রতিনিধি

জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে সৈয়দপুরে উন্নয়ন মেলা ও শোভা যাত্রা

সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি

শিক্ষা দিবস উপলক্ষে ইবিতে ছাত্র ইউনিয়নের বিতর্ক প্রতিযোগিতা

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

পেসার রুবেল হোসেনের বাবা আর নেই

বাগেরহাট প্রতিনিধি

মান্দায় স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত

মান্দা (নওগাঁ) প্রতিনিধি

শিক্ষার্থীদের অনুষ্ঠান স্থল থেকে শ্রেণীকক্ষে পাঠালেন সচিব

পায়রা বন্দর প্রতিনিধি

জয়পুরহাটে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

জয়পুরহাট প্রতিনিধি

সরকারি কাজে বাঁধা প্রদান

উলিপুরে ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে থানায় অভিযোগ

উলিপুর (কুড়িগ্রাম) প্রতিনিধি

শ্রীমঙ্গলে প্রয়াত মোস্তাফিজুর রহমান চৌধুরী মুকিত এর স্মরণ সভা

মৌলভীবাজার প্রতিনিধি

চট্টগ্রামে জাতীয় স্থানীয় সরকার দিবস পালিত

চট্টগ্রাম প্রতিনিধি

ফরিদপুরে গামছা পেঁচিয়ে ইজিবাইক চালককে হত্যার ঘটনায় যুবক গ্রেপ্তার

ফরিদপুর প্রতিনিধি